

# ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১৫৫৬

২৫/ হাজ (হজ/হজ) (১ল)

পরিচ্ছেদঃ ২৫/৩১. ঋতু ও প্রসবোত্তর স্রাব অবস্থায় মহিলাগণ কিভাবে ইহরাম বাঁধবে?

بَابِ كَيْفَ تُهِلُّ الْحَائِضُ وَالنُّفَسَاءُ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ حَدَّثَنَا مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ بْنِ الزَّبِيْرِ عَنْ عَائِشَةَ رَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَتْ خَرَجْنَا مَعَ النَّبِيِّ فِي حَجَّةِ الْوَدَاعِ فَأَهْلَلْنَا بِعُمْرَةٍ ثُمَّ قَالَ النَّبِيُّ مَنْ كَانَ مَعَهُ هَدْيٌ فَلْيُهِلَّ بِالْحَجِّ مَعَ الْعُمْرَةِ ثُمَّ لاَ يَحِلَّ حَتَّى يَحِلَّ مِنْهُمَا ثُمَّ قَالَ النَّبِيُّ مَنْ كَانَ مَعَهُ هَدْيٌ فَلْيُهِلَّ بِالْحَجِّ مَعَ الْعُمْرَةِ ثُمَّ لاَ يَحِلَّ حَتَّى يَحِلَّ مِنْهُمَا جَمِيعًا فَقَدِمْتُ مَكَّةَ وَأَنَا حَائِضٌ وَلَمْ أَطُفْ بِالْبَيْتِ وَلاَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ فَشَكَوْتُ وَلَيْ لِللهَ عَليه وسلم فَقَالَ انْقُضِي رَأْسَكِ وَامْتَشِطِي وَأَهِلِّي بِالْحَجِّ وَدَعِي نَالِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم مَعَ عَبْدِ الرَّحْمٰنِ الْعُمْرَةَ فَفَعَلْتُ فَلَعْلَ الله عليه وسلم مَعَ عَبْدِ الرَّحْمٰنِ الْعُمْرَةَ فَقَعَلْتُ فَلَاتُ هُلَافً النَّذِينَ كَانُوا الْعُمْرَةِ بِالْبَيْتِ وَبَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ ثُمَّ حَلُوا ثُمَّ طَافُوا طَوَافًا وَاحَلُ الْحَرَةِ وَالْعُمْرَةِ بِالْبَيْتِ وَبَيْنَ الصَّفَا وَالْمُرْوَةِ ثُمَّ حَلُوا ثُمَّ طَافُوا طَوَافًا وَاحِدًا مُولَافًا الَّذِينَ جَمَعُوا الْحَجَّ وَالْعُمْرَة فَإِنَّمَا طَافُوا طَوَافًا وَاحِدًا

#### বাংলা

اَسْتَهَلَّانَ الْهِلاَلَ الْهِلاَلَ الْهِلاَلَ الْهِلاَلَ कथा वना প্রকাশ পাওয়ার অর্থে ব্যবহৃত এবং الْمَطَرُ অর্থ মেঘ হতে বৃষ্টি হওয়া(وَمَا أُهِلَّ لِغَيْرِ اللهِ بِهِ) "যে পশু যহে করার সময় আল্লাহ ব্যতীত অন্য কারো নাম উচ্চারণ করা হয়।" (আল-মায়িদাহঃ ৩) এ অর্থ الْمَطَرُ الصَّبِيِّ সদ্যজাত শিশুর আওয়াজ) অর্থ হতে গৃহীত।

১৫৫৬. 'আয়িশাহ্ (রাযি.) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সহধর্মিণী হতে বর্ণিত। তিনি বলেন, আমরা বিদায় হাজ্জের সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে বের হয়ে 'উমরাহ'র নিয়াতে ইহরাম বাঁধি। নবী বললেনঃ যার সঙ্গে কুরবানীর পশু আছে সে যেন 'উমরাহ'র সাথে হাজ্জের ইহরামও বেঁধে নেয়। অতঃপর সে



'উমরাহ ও হাজ্জ উভয়টি সম্পন্ন না করা পর্যন্ত হালাল হতে পারবে না। ['আয়িশাহ (রাযি.) বলেন] এরপর আমি মক্কায় ঋতুমতী অবস্থায় পৌঁছলাম। কাজেই বায়তুল্লাহ তাওয়াফ ও সাফা মারওয়ার সা'য়ী কোনটিই আদায় করতে সমর্থ হলাম না। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম -কে আমার অসুবিধার কথা জানালে তিনি বললেনঃ মাথার চুল খুলে নাও এবং তা আঁচড়িয়ে নাও এবং হাজ্জের ইহরাম বহাল রাখ এবং 'উমরাহ ছেড়ে দাও। আমি তাই করলাম, হাজ্জ সম্পন্ন করার পর আমাকে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম 'আবদুর রহমান ইবনু আবূ বকর (রাঃ)-এর সঙ্গে তান'ঈম-এ প্রেরণ করেন। [1] সেখান হতে আমি 'উমরাহ'র ইহরাম বাঁধি। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এ তোমার (ছেড়ে দেয়া) 'উমরাহ'র স্থলবর্তী। 'আয়িশাহ্ (রাযি.) বলেন, যাঁরা 'উমরাহ'র ইহরাম বেঁধেছিলেন, তাঁরা বায়তুল্লাহর তাওয়াফ ও সাফা-মারওয়ার সা'য়ী সমাপ্ত করে হালাল হয়ে যান এবং মিনা হতে ফিরে আসার পর দ্বিতীয়বার তাওয়াফ করেন আর যাঁরা হাজ্জ ও 'উমরাহ উভয়ের ইহরাম বেঁধেছিলেন তাঁরা একটি মাত্র তাওয়াফ করেন। (২৯৪) (আধুনিক প্রকাশনীঃ ১৪৫৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ১৪৫৯)

## **English**

### Narrated Aisha:

(the wife of the Prophet (p.b.u.h) We set out with the Prophet (ﷺ) in his last Hajj and we assumed Ihram for Umra. The Prophet (ﷺ) then said, "Whoever has the Hadi with him should assume Ihram for Hajj along with `Umra and should not finish the Ihram till he finishes both." I was menstruating when I reached Mecca, and so I neither did Tawaf round the Ka`ba nor Tawaf between Safa and Marwa. I complained about that to the Prophet (ﷺ) on which he replied, "Undo and comb your head hair, and assume Ihram for Hajj (only) and leave the Umra." So, I did so. When we had performed the Hajj, the Prophet sent me with my brother `Abdur-Rahman bin Abu Bakr to Tan`im. So I performed the `Umra. The Prophet (ﷺ) said to me, "This `Umra is instead of your missed one." Those who had assumed Ihram for `Umra (Hajj-atTamattu) performed Tawaf round the Ka`ba and between Safa and Marwa and then finished their Ihram. After returning from Mina, they performed another Tawaf (between Safa and Marwa). Those who had assumed Ihram for Hajj and `Umra together (Hajj-al-Qiran) performed only one Tawaf (between Safa and Marwa).

## ফুটনোট

[1] আয়িশাহ (রাযি.) 'উমরার জন্য ইহরাম বাঁধার পর ঋতুমতী হয়ে পড়লে রসূলুল্লাহ (সাঃ) তাকে গোসল করার নির্দেশ দেন এবং 'উমরার ইহরাম ছেড়ে দিয়ে হাজ্জের ইহরাম বাঁধার আদেশ দেন। ফলে হাজ্জের পর পাক-সাফ



অবস্থায় তিনি নাবী (সাঃ)-এর নিকট ঋতুর কারণে বাতিল হয়ে যাওয়া উমরার পরিবর্তে নতুনভাবে 'উমরাহ করার অনুমতি প্রার্থনা করেন। ফলে নাবী (সাঃ) তাঁকে সেই অনুমতি প্রদান করেন। "হারাম" সীমায় থাকা অবস্থায় যে ব্যক্তি 'উমরার ইরাদা করবে তাকে হারামের সীমার বাইরে গিয়ে 'উমরার ইহরাম বাঁধতে হবে। এজন্য আয়িশাহ (রাযি,)-কে তানঈমে পাঠানো হয়েছিল। যা হারামের সীমানার বাইরে অবস্থিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন